আমাদের গ্রামের নাম কুসুম পুর । কুসুম কথার অর্থ ফুল । গ্রামের একদম পাশ দিয়ে বয়ে গেছে ছোট্ট একটা নদী । সে নদীটির নাম কাজলরেখা । বর্ষাকালে কাজলরেখা নদীতে অনেক জল থাকে । শীতকালে নদী শুকিয়ে যায় । গ্রামের মাঝখানে আছে একটা বহু পুরনো বট গাছ । ডালপালা মেলে সেই বটগাছ অনেকটা জায়গা জুড়ে ছায়া দেয়। বট গাছের নীচে গ্রামের দুর্গামন্দির। প্রত্যেক বছর সেখানে দুর্গাপূজা হয় । পুজোর সময় সেখানে বিরাট মেলা বসে । গ্রামের সবাই খুব আনন্দ করে মেলায় । গ্রামের একটা অনেক বড় খেলার মাঠ আছে । গ্রামের সব ছেলে মেয়েরা সেখানে বিকাল বেলায় খেলতে যায় ।

I) মৌমাছি কীসের মধু খায় ? ফুলের/ ফলের/ পাতার/ গাছের

II) মেলা কোথায় বসে ? খেলার মাঠে/ নদীর ধারে/ বটতলায়/ রাস্তার পাশে

III) গ্রামে কী পুজো হয় ? কালী পুজো/ দুর্গা পুজো/ লক্ষ্মী পুজো/

সরস্বতী পুজো

IV) মন্তব্য: গ্রামের মধ্যে একটা খেলার মাঠ ছিল।

কারণ: খেলার মাঠে গ্রামের সব ছেলেমেয়েরা খেলতে যেত।

মন্তব্য ঠিক কারণ ভুল/মন্তব্য ভুল কারণ ঠিক/ মন্তব্য কারণ উভয় ঠিক /মন্তব্য কারণ উভয় ভুল।

V) 'কুসুম' বলতে এখানে কী বোঝানো হয়েছে? ডিমের কুসুম/ফুল/ কুঁড়ি/ কোনটিই নয়